

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৭.০০৭.১৮.১৫

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭

০৭ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ভোলা জেলার লালমোহন উপজেলার লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ এবং অন্যান্য শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনসহ প্রদান।

সূত্র: ৩৭.০২.০০০০.১০৭.৩২.০০১.১৯.১৮৮ তারিখ: ২৪ আগস্ট ২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলার লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আ: হালিম এর দায়িত্বহীনতার কারণে শিক্ষক কর্মচারীগণ দীর্ঘ ০৮ মাস বেতন ভাতা পাচ্ছেন না। শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনসহ তাদের অনুকূলে প্রদানের জন্য প্রধান শিক্ষককে নির্দেশনা প্রদান করা হলেও তিনি কোন ব্যবস্থা গ্রহণ করেননি। এই অবস্থায় শিক্ষক কর্মচারীগণ বেতন ভাতা না পেয়ে মানবের জীবন যাপন করছেন।

২.০ এমতাবস্থায়, নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ক) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা- ২০১৮ এর অনুচ্ছেদ ১৮.১(খ) ও ১৮.১(চ) অনুযায়ী ভোলা জেলার লালমোহন উপজেলার লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আ: হালিম এর এম.পি.ও. সাময়িকভাবে স্থগিতকরণ।

খ) প্রধান শিক্ষক জনাব আ: হালিম এর এম.পি.ও. কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না সে মর্মে তাকে কারণ দর্শানো এবং কারণ দর্শানোর জবাব প্রাপ্তির পর উক্ত জবাবের উপর মতামতসহ প্রতিবেদন প্রেরণ।

গ) বর্ণিত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক যেহেতু নিজেই অভিযুক্ত সে কারণে শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা প্রদানের জন্য ঐ প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ শিক্ষক এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার যৌথ স্বাক্ষরে বেতন ভাতা উত্তোলন করবেন।

৭-৯-২০২০

মোঃ কামরুল হাসান
উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,
ঢাকা।


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৭.০০৭.১৮.১৫/১(৬)

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭

০৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলা।
- ৪) প্রধান শিক্ষক, লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা।
- ৫) জনাব আ: হালিম, প্রধান শিক্ষক, লালমোহন হেলিপ্যাড নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, লালমোহন, ভোলা।
- ৬) অফিস কপি।



৭-৯-২০২০

মোঃ কামরুল হাসান

উপসচিব